

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ৫, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

সীমান্ত অধিশাখা-১

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ আশিন, ১৪২৩ বঙ্গাব্দ/০৮ অক্টোবর, ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩০৪-আইন/২০১৬।—বর্ডার গার্ড বাংলাদেশ আইন, ২০১০ (২০১০ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল,  
যথা :—

- ১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা বর্ডার গার্ড বাংলাদেশ (তত্ত্বাবধান, পরিচালনা ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।  
(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।
- ২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—
  - (ক) “আইন” অর্থ বর্ডার গার্ড বাংলাদেশ আইন, ২০১০ (২০১০ সনের ৬৩ নং আইন);
  - (খ) “বাহিনী” অর্থ আইনের ধারা ২ এর দফা (৩০) এ সংজ্ঞায়িত বাহিনী;
  - (গ) “মহাপরিচালক” অর্থ আইনের ধারা ২ এর দফা (৩২) এ সংজ্ঞায়িত মহাপরিচালক; এবং
  - (ঘ) “সদর দপ্তর” অর্থ বাহিনীর সদর দপ্তর।  
(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই, তাহা আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই একই অর্থে ব্যবহৃত হইবে।

(১৫১৭৭)

মূল্য : টাকা ৮.০০

**৩। বাহিনীর তত্ত্বাবধান, পরিচালনা ও নিয়ন্ত্রণ** —মহাপরিচালক, সরকারের সার্বিক তত্ত্বাবধানে, আইন অনুযায়ী বাহিনী পরিচালনা ও নিয়ন্ত্রণ করিবেন এবং বাহিনীর সকল কর্মকাণ্ডের জন্য সরকারের নিকট দায়ী থাকিবেন।

**৪। বাহিনীর কার্য-সম্পাদন প্রক্রিয়া** —(১) বাহিনীর তত্ত্বাবধান, পরিচালনা এবং নিয়ন্ত্রণের জন্য সরকারের নিকট হইতে কোন দিক-নির্দেশনা গ্রহণের প্রয়োজন হইলে মহাপরিচালক, সদর দপ্তরের মাধ্যমে, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হইতে প্রয়োজনীয় দিক-নির্দেশনা গ্রহণ করিবেন।

(২) মহাপরিচালক, বাহিনী তত্ত্বাবধান, পরিচালনা ও নিয়ন্ত্রণের নিমিত্ত, সদর দপ্তরে নিয়োজিত স্টাফ কর্মকর্তাগণের মাধ্যমে, প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করিবেন।

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত পরিকল্পনা প্রণয়নের নিমিত্ত সদর দপ্তরে নিয়োজিত স্টাফ কর্মকর্তাগণ, মহাপরিচালকের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহপূর্বক মহাপরিচালকের নিকট উপস্থাপন করিবেন এবং এতদুদ্দেশ্যে তাহারা মহাপরিচালকের নিকট দায়ী থাকিবেন।

**(৪)** সদর দপ্তরে নিয়োজিত স্টাফ কর্মকর্তাগণ মহাপরিচালক কর্তৃক জারীকৃত নির্দেশাবলী নিয়মতাত্ত্বিক পদ্ধতিতে, মহাপরিচালকের পক্ষে, অধস্তনদের অবহিত করিবেন এবং উহার বাস্তবায়ন নিশ্চিত করিবেন।

**৫। ইউনিট, প্রতিষ্ঠান, ইত্যাদি পরিচালনা ও নিয়ন্ত্রণ** —(১) বাহিনীর সাংগঠনিক কাঠামো অনুযায়ী বর্ডার গার্ড রিজিয়ন, বর্ডার গার্ড সেক্টর, বর্ডার গার্ড ট্রেনিং সেন্টার এন্ড স্কুল, বর্ডার গার্ড সিকিউরিটি ব্যুরো, বর্ডার গার্ড ইউনিট, বর্ডার গার্ড চিকিৎসা ইউনিট বা হাসপাতাল এবং বাহিনীর অন্যান্য প্রতিষ্ঠানসমূহ পরিচালনা এবং নিয়ন্ত্রণ করিবার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ মহাপরিচালকের নির্দেশাবলী অনুসরণ করিবেন।

(২) বাহিনীর চেইন অব কমান্ড বাহিনীর সকল সদস্যকে যথাযথভাবে মানিয়া চলিতে হইবে এবং চেইন অব কমান্ডের সকল ক্ষেত্রে একজন সদস্য তাহার অব্যবহিত উর্ধ্বর্তন কর্মকর্তার নিকট সরাসরি দায়ী থাকিবেন।

(৩) বিভিন্ন পর্যায়ের কমান্ডারগণ বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ অধস্তনদের দায়িত্ব ও কর্তব্য পালনসহ প্রশাসনিক কার্যক্রম পরিচালনা, প্রশিক্ষণ প্রদান, মনোবল বৃদ্ধি ও শৃঙ্খলা নিশ্চিতকরণের জন্য মহাপরিচালকের নিকট দায়ী থাকিবেন এবং অধস্তনগণও অনুরূপ কার্যক্রমের জন্য তাহাদের অব্যবহিত উর্ধ্বর্তন কমান্ডার বা কর্মকর্তার নিকট দায়ী থাকিবেন।

**৬। বাহিনীর সদস্যদের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা** —(১) রিজিয়ন কমান্ডার, সেক্টর কমান্ডার, ব্যাটালিয়ন কমান্ডার, ইউনিট অধিনায়ক, ক্যাম্প বা বিওপি কমান্ডার দায়িত্বপ্রাপ্ত এলাকার স্থানীয় কমান্ডার হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(২) কার্য-সম্পাদন এবং অধস্তনদের পরিচালনার ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্মকর্তা শিল্পরপ্তাবে নির্ধারিত হইবে, যথা :—

(ক) অতিরিক্ত মহাপরিচালক (সদর দপ্তর)-সদর দপ্তরের সকল দপ্তর, সকল রিজিয়ন, সেক্টর, ব্যাটালিয়ন, প্রতিষ্ঠান এবং তাহার অধীনস্থ বাহিনীর সকল সদস্য;

- (খ) অতিরিক্ত মহাপরিচালক (রিজিয়ন কমান্ডারের দায়িত্বে নিয়োজিত)-রিজিয়নের আওতাধীন সকল সেক্টর, ব্যাটালিয়ন, প্রতিষ্ঠান এবং তাহার অধীনস্থ বাহিনীর সকল সদস্য;
- (গ) অতিরিক্ত মহাপরিচালক (বিজিটিসিএনএস, বিএসবি এবং অন্যান্য কমান্ড এর দায়িত্বে নিয়োজিত)-তাহার অধীনস্থ বাহিনীর সকল সদস্য;
- (ঘ) উপ-মহাপরিচালক (সেক্টর কমান্ডারের দায়িত্বে নিয়োজিত)-সেক্টরের আওতাধীন সকল ব্যাটালিয়ন, প্রতিষ্ঠান এবং তাহার অধীনস্থ বাহিনীর সকল সদস্য;
- (ঙ) উপ-মহাপরিচালক (সদর বর্ডার গার্ড ব্যাটালিয়ন, বর্ডার গার্ড হাসপাতাল, ঢাকা এবং অন্যান্য কমান্ড এর দায়িত্বে নিয়োজিত)-তাহার অধীনস্থ বাহিনীর সকল সদস্য;
- (চ) পরিচালক-ব্যাটালিয়ন, ইউনিট এবং স্বতন্ত্র উইঁ এর আওতাধীন সকল কোম্পানী এবং তাহার অধীনস্থ বাহিনীর সকল সদস্য; এবং
- (ছ) অতিরিক্ত পরিচালক, উপ-পরিচালক এবং সহকারী পরিচালক-স্থীয় অধিক্ষেত্রের আওতাভুক্ত সকল সদস্য।

(৩) বিভিন্ন দণ্ডে নিয়োজিত কর্মকর্তাগণ কমান্ডারদের সার্বিকভাবে সহায়তা প্রদান করিবেন এবং কমান্ডারের পক্ষে যথাযথ আদেশ ও নির্দেশ জারি এবং কার্য-সম্পাদন করিবেন।

(৪) যুদ্ধকালীন, যুদ্ধাবস্থা চলাকালীন বা অনুরূপ পরিস্থিতিতে মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, উপ-মহাপরিচালক ও পরিচালকগণ, ক্ষেত্রমত, সরকার বা স্থীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী অর্পিত দায়িত্ব ও কার্যাবলী সম্পাদন করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ মোজাম্বেল হক খান  
সিনিয়র সচিব।